



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ৭ম সভার
কার্যবিবরণী

তারিখঃ ১৫-০৪-২০২১ ইং, বৃহস্পতিবার।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)- এর Annual Performance Agreement টিমের ৭ম সভা (ভার্চুয়াল) Zoom এর মাধ্যমে ১৫.০৪.২০২১ তারিখ দুপুর ২.৩০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম এবং টিম লিডার, এপিএ টিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ২। জনাব মো: হিম্ময়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৩। ড. এএইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৪। জনাব মো: মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাউবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।

সভার শুরুতে মাননীয় সভাপতি ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচনা ও সিদ্ধান্ত

ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার এবং সভাপতি, এপিএ টিম, বাউবি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার নির্দেশনা মোতাবেক সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) খসড়া ১৫ এপ্রিল, ২০২১ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে আপলোড করতে হবে মর্মে সকলকে অবহিত করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর খসড়া প্রস্তুতের নিমিত্তে বিভিন্ন স্কুল এবং বিভাগ হতে প্রাপ্ত তথ্যের সাহায্যে প্রস্তুতকৃত খসড়া এপিএ চুক্তিটি সকলের নিকট উপস্থাপনের জন্য নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট কে অনুরোধ জানান। এপিএ টিমের ফোকাল পয়েন্ট নাজনীন আখতার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এপিএমএস সফটওয়্যারে আপলোডের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়াটি উপস্থাপন করেন। উপস্থাপিত খসড়াটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সরকারের নির্দেশনা অনুযায়ী করোনা মহামারীকালীন নানা প্রতিকূলতাকে উপেক্ষা করে বিভিন্ন তথ্যসংগ্রহ এবং সমন্বয় করে প্রস্তুতকৃত খসড়া চুক্তিটি যথাযথভাবে প্রস্তুত করার জন্য এপিএ টিমের, টিম লিডার ও বাউবির রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম এবং ফোকাল পয়েন্ট নাজনীন আখতার- কে এপিএ টিমের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয় এবং প্রস্তুতকৃত খসড়াটি এপিএএমএস সফটওয়্যারে আপলোড করার জন্য অনুমোদন দেওয়া হয়।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

AKHT

নাজনীন আখতার
যুগ্ম পরিচালক (কাউন্সিল)
ও
ফোকাল পয়েন্ট, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

Shafiqul Alam

ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার
এবং
টিম লিডার, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।